দৈনিক ইত্তেফাক

তারিখ 30 JUL 19..
পৃষ্ঠা ২৮ কলাম ৮

## বিভিন্ন ফি বৃদ্ধির প্রতিবাদে চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্র ধর্মঘট পালিত

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি বেতন ও সার্টিফিকেট ফি বৃদ্ধি এবং প্রীতিলতা হলের প্রভোষ্টের ছাত্রীদের বিভিন্ন সমস্যা উপেক্ষার প্রতিবাদে গতকাল বুধবার ছাত্রদলের আহ্বানে ছাত্র ধর্মঘট পালিত হইয়াছে। ফলে বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয় নাই। ছাত্রদল এক বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। ছাত্রদলের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আব্দুল্লাহ আল মামুন উহাতে সভাপতিত্ব করেন। সভায় বর্ধিত সকল ধরনের ফি প্রত্যাহারের দাবী জানান হয়।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি নূরুল আবছার চৌধুরী ও সাধারণ সম্পাদক আহসান কবীর বেঙ্গল এক বিবৃতিতে বিভিন্ন পত্রিকায় ছাত্র বেতন, পরীক্ষার ফি, সার্টিফিকেট ফি, বাস ভাড়াসহ অন্যান্য চার্জ বৃদ্ধির পক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যাকে অযৌক্তিক আখ্যায়িত করিয়া উহা প্রত্যাখ্যান করিয়াছে।